

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৪৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৬. দেহের অভ্যন্তর ভাগ থেকে, যেমন নাক দিয়ে রক্ত নিঃসরণ, বমন, রক্তমোণ ইত্যাদি ক্ষেত্রে উযু করা সম্পর্কে

بَابٌ فِي الْوُضُوءِ مِنَ الْخَارِجِ مِنَ الْبَدَنِ كَالرُّعَافِ وَالْقَيْءِ وَالْحِجَامَةِ وَنَحْوِهِ

আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، تَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى ، وَإِبْرَاهِيمُ بْنُ هَانِئٍ ، قَالَا : نَا أَبُو مَكْرِ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ بْنِ طَيْفُورِ ، وَإِبْرَاهِيمُ بْنُ مَرْزُوقٍ ، قَالَا : حَدَّثَنَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ بْنِ طَيْفُورِ ، وَإِبْرَاهِيمُ بْنُ مَرْزُوقٍ ، قَالَا : حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ ، كُلُّهُمْ عَنِ ابْنِ جُرَيْجٍ ، عَنْ أَبُو الْأَزْهَرِ ، وَالْحَسَنُ بْنُ يَحْيَى ، قَالَا : حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ ، كُلُّهُمْ عَنِ ابْنِ جُرَيْجٍ ، عَنْ أَبُو الْأَزْهَرِ ، وَالْحَسَنُ بْنُ يَحْيَى ، قَالَا : حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ ، كُلُّهُمْ عَنِ ابْنِ جُرَيْجٍ ، عَنْ أَبُو اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - : " إِذَا قَاءَ أَحَدُكُمْ أَوْ قَلَسَ ، أَوْ أَبِيهِ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - : " إِذَا قَاءَ أَحَدُكُمْ أَوْ قَلَسَ ، أَوْ وَجَدَ مَذْيًا وَهُوَ فِي الصَّلَاةِ ، فَلْيَنْصَرِفْ فَلْيَتَوَضَّأَ ، وَلْيَرْجِعْ فَلْيَبْنِ عَلَى صَلَاتِهِ مَا لَمْ وَجَدَ مَذْيًا وَهُوَ فِي الصَّلَاةِ ، فَلْيَنْصَرِفْ فَلْيَتَوَضَّأَ ، وَلْيَرْجِعْ فَلْيَبْنِ عَلَى صَلَاتِهِ مَا لَمْ يَتَكَلَّمْ " ، قَالَ لَنَا أَبُو بَكْرٍ : سَمِعْتُ مُحَمَّدَ بْنَ يَحْيَى يَقُولُ : هَذَا هُوَ الصَّحِيحُ عَنِ ابْنِ جُرَيْجٍ وَهُوَ مُرْسَلٌ ، وَأَمَّا حَدِيثُ ابْنِ جُرَيْجٍ ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ ، عَنْ عَائِشَةَ ، الَّذِي يَرُويهِ إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ ، فَلَيْسَ بِشَيْءٍ

বাংলা

৫৪৮(১৮). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... ইবনে জুরাইজ (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ নামাযরত অবস্থায় বমি করলে অথবা তার বমনোদ্রেক হয়ে মুখে চলে এলে অথবা বীর্যরস নির্গত হলে সে যেন বাইরে গিয়ে উযু করে এবং ফিরে এসে অবশিষ্ট নামায পূর্ণ করে, যদি কোন কথা না বলে থাকে।

আবু বাকর (রহঃ) আমাদের বলেছেন, আমি মুহাম্মাদ ইবনে ইয়াহইয়া (রহঃ)-কে বলতে শুনেছি। ইবনে জুরাইজ (রহঃ) থেকে এই বর্ণনাই সহীহ। তবে এটি মুরসাল হাদীস। আর ইবনে জুরাইজ-ইবনে আবু মুলায়কা-আয়েশা (রাঃ) সূত্রে ইসমাঈল ইবনে আয়্যাশ (রহঃ) বর্ণিত হাদীস গ্রহণযোগ্য নয়।



হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু জুরায়জ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন